



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”
জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর রোড, জয়পুরহাট।



www.pbs.joypurhat.gov.bd

নম্বর ২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০০৮.২২.১৯৭

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৯

১৯ জুলাই ২০২২

নিলাম বিজ্ঞপ্তি

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিম্নবর্ণিত অকেজো ও ব্যবহার অযোগ্য হার্ডওয়্যার ও লৌহ জাতীয় মালামাল, মিটার ও মিটার সকেট (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) “নিলামে বিক্রয়ের জন্য” নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে/ সাদা কাগজে বিস্তারিত ঠিকানা সম্বলিত তথ্য ও স্বাক্ষরসহ প্রদান পূর্বক সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

সমিতির নাম	মালামালের বিবরণ ও পরিমাণ	দরপত্র দলিলের মূল্য অফেরৎযোগ্য (টাকা)	দরপত্র জামানত ফেরৎযোগ্য (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের স্থান	দরপত্র বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
জয়পুরহাট পবিস	পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত অকেজো ও ব্যবহার অযোগ্য (হার্ডওয়্যার ও লৌহ জাতীয়, মিটার ও মিটার সকেট) জাতীয় মালামাল	১০০০.০০	দাখিল মূল্যের ২৫%	জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি সদর রোড, জয়পুরহাট অথবা পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো ঢাকা।	২৪-০৭-২০২২ ইং হতে ০৭-০৮-২০২২ ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	গ্রহণঃ- ০৮-০৮-২০২২ ইং তারিখ দুপুর ১১.৩০ টা পর্যন্ত খোলাঃ ০৮-০৮-২০২২ ইং তারিখ দুপুর ১১.৩৫ টা

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- আগ্রহী দরদাতাগণ জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হইতে ০৩ নং কলামে বর্ণিত পরিমাণ টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাস্ট সংযুক্ত করতঃ উল্লেখিত সময়ে জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সিঃ জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে জয়পুরহাট পবিস এর সদর দপ্তর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারযোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- দরপত্র সমূহ ০৮-০৮-২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় দাখিল ও দুপুর ১১.৩৫ মিনিটে (ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প), বগুড়া জোন, বগুড়া (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৯ম তলা, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে (গ) জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে দাখিল ও উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪. দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ দরকে গৃহীতদর বলে বিবেচনা করা হবে। তবে নিলাম বিজ্ঞপ্তির সকল মালামালের ক্ষেত্রে প্রাক্কলিত মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না। সীলমোহরকৃত নিলাম দরপত্র খামের উপরে স্পষ্টাক্ষরে “নিলাম দরপত্র” স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষা মাজা গ্রহণযোগ্য হবেনা। উদ্বৃত্ত দর অংকে ও কথায় লিখতে হবে। শর্তবহির্ভূত কোন প্রকার সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৫. নিলাম দরপত্র দলিলে উল্লেখিত সর্বমোট মূল্যের ২৫% অর্থ নিরাপত্তা জামানত জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

০৬. কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পেঅর্ডার/ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে“ পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য করা হবে।

০৭. কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্বৃত্তদর/মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী উৎসকর এবং ভ্যাট আলাদাভাবে জমা প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টমানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮. মালামাল সমূহ ০৪-০৮-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে। এই বিষয়ে সদর দপ্তরে জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৯. “পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল” সমূহ অপসারণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।

১০. কার্যাদেশ প্রদানের সময় মালামাল এর পরিমান কম/বেশী হতে পারে। কোন রূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যেকোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিত ভাবে সিডিউলে বর্ণিত থাকবে।



১৯-৭-২০২২

মোঃ এনামুল হক প্রামানিক
সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) RFQ Group

- ২) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত বিভাগ, জয়পুরহাট।
- ৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/কালাই/ক্ষেতলাল/পাঁচবিবি/আক্কেলপুর, জয়পুরহাট।
- ৪) মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।
- ৫) ডেপুটি জেনারেল ম্যানেজার, কারিগরী/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই, জয়পুরহাট।
- ৬) নোটিশ বোর্ড, জয়পুরহাট সদর অফিস, জয়পুরহাট পবিস।
- ৭) মেসার্স.....